



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন কমিশন

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন

১৫ কলেজ রোড, ঢাকা - ১০০০

ফ্যাক্স : ০২৯৫৬০৮৪৩

ই-মেইল : info@lawcommissionbangladesh.org

ওয়েব : www.lawcommissionbangladesh.org

স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিগত ১৭/০৬/২০১৪ খ্রি. তারিখে ৪৪.০০.০০০০.০৩৪.০১.০০১..২০১৪-০৮ নং স্মারক মূলে আইন কমিশন বরাবরে “বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪” এর বাংলা অনুবাদের সঠিকতা/যাচাই এর পাশাপাশি সাম্প্রতিক ঘটনাবলী বিষয়ে মতামত প্রদানের অনুরোধ করে। এই প্রেক্ষিতে আইন কমিশন আইনটি বিশদ পর্যালোচনা করে এবং খাদ্য বা পানীয় দ্রব্য বা পশু খাদ্য দ্রব্য অপচনশীলকরণ, সৌন্দর্যবৃদ্ধিকরণ, দ্রুত পরিপক্ককরণসহ পশু বা প্রাণীর দ্রুতবৃদ্ধির উদ্দেশ্যে মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর রাসায়নিক দ্রব্য প্রয়োগ করা; রাসায়নিক দ্রব্য প্রয়োগকৃত কোন খাদ্য বা পানীয় দ্রব্য বা পশু খাদ্য দ্রব্য বিক্রয় বা বিক্রয়ের উদ্দেশ্যে প্রস্তাব বা প্রদর্শন করা এবং গৃহনির্মাণ সামগ্রী বা আসবাবপত্র বা অন্য যে কোন ব্যবহারযোগ্য দ্রব্যের সহিত নিম্ন মানের দ্রব্য দ্বারা ভেজাল মিশ্রিতকরণ বিষয়ে দুইটি পৃথক ধারা “২৫ গগ” ও ২৫গ ধারার (২) উপধারায় নতুন ‘গ’ দফা সংযোজনের সুপারিশ করছে।

বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪

ধারা ২৫ গগ

খাদ্য দ্রব্য, পানীয়, পশু বা প্রাণীর খাদ্য দ্রব্যে ক্ষতিকর রাসায়নিক দ্রব্য ব্যবহারের শাস্তি

২৫ গগ। (১) যদি কোন ব্যক্তি -

(ক) কোন খাদ্য বা পানীয় দ্রব্য বা পশু খাদ্য দ্রব্য অপচনশীলকরণ, সৌন্দর্যবৃদ্ধিকরণ, দ্রুত পরিপক্ককরণসহ পশু বা প্রাণীর দ্রুতবৃদ্ধির উদ্দেশ্যে মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর রাসায়নিক দ্রব্য প্রয়োগ করে; অথবা

(খ) রাসায়নিক দ্রব্য প্রয়োগকৃত কোন খাদ্য বা পানীয় দ্রব্য বা পশু খাদ্য দ্রব্য বিক্রয় বা বিক্রয়ের উদ্দেশ্যে প্রস্তাব বা প্রদর্শন করে; অথবা

(গ) রাসায়নিক দ্রব্য প্রয়োগকৃত কোন খাদ্য বা পানীয় দ্রব্য বা পশু খাদ্য দ্রব্য বিক্রয় বা বিক্রয়ের উদ্দেশ্যে পরিবহণ করে বা মজুত করে ;

তবে, সেই ব্যক্তি অনধিক যাবজ্জীবন পর্যন্ত সশ্রম কারাদণ্ডে এবং তদুপরি অর্থদণ্ডেও দণ্ডিত হইবেন।

বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪

২৫গ ধারার (২) উপধারার 'ক' এবং 'খ' দফার শেষে নতুন 'গ' দফা নিম্নোক্ত সংযুক্ত হইবে :

(ক)

(খ).....

(গ) গৃহনির্মাণ সামগ্রী বা আসবাবপত্র বা অন্য যে কোন ব্যবহারযোগ্য দ্রব্যের সহিত নিম্ন মানের দ্রব্য বা জিনিষ দ্বারা ভেজাল মিশ্রিত করে এবং তাহা জানা সত্ত্বেও বিক্রয়ের উদ্দেশ্যে নিজ দখলে রাখে বা প্রদর্শন করে বা সরবরাহ করে;

স্বাক্ষরিত/- ০৪.০৮.২০১৪খ্রি.
প্রফেসর ড. এম. শাহ আলম
সদস্য

স্বাক্ষরিত/- ০৪.০৮.২০১৪খ্রি.
বিচারপতি এ.টি.এম. ফজলে কবীর
সদস্য

স্বাক্ষরিত/- ০৪.০৮.২০১৪খ্রি.
বিচারপতি এ.বি.এম. খায়রুল হক
চেয়ারম্যান
আইন কমিশন